

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা  
(আইসিটি শাখা)  
[www.barguna.gov.bd](http://www.barguna.gov.bd)

স্মারক নং-০৫.১০.০৪০০.১২৩.০৬.০০১.২২-৬৭


তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৮  
১৬ ফেব্রুয়ারি ২০২২

বিষয় : সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় অধিকসংখ্যক অংশগ্রহণকারীর নিবন্ধন নিশ্চিতকরণ ও দেশব্যাপী  
বহুল প্রচার প্রসঙ্গে।

সূত্র : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৫৬.০০.০০০০.০৪৫.১৪.২২৫.১৯.৪২  
নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রের বিষয়ের আলোকে সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় অধিকসংখ্যক অংশগ্রহণকারীর নিবন্ধন ও দেশব্যাপী এর বহুল প্রচার নিশ্চিত করতে গুগল ড্রাইভে সংযুক্ত অডিও ভিজুয়াল ও অন্যান্য কনটেন্ট প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।



(তাহসিনুর আহমদ)

সহকারী কমিশনার

আইসিটি শাখা, বরগুনা।

E-mail: [acictbarguna@mopa.gov.bd](mailto:acictbarguna@mopa.gov.bd)

প্রাপক,

০১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা। [নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশের জন্য]

০২। সহকারী কমিশনার, গোপনীয় শাখা। [ মিডিয়া সেল, জেলা প্রশাসন, বরগুনা এ প্রকাশের জন্য]

০৩। জেলা তথ্য অফিসার, বরগুনা। [বহুল প্রচারের জন্য]

০৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বরগুনা। [নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশের জন্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
পরিকল্পনা-৩ শাখা  
www.ictd.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৫.১৪.২২৫.১৯.৪২

তারিখ: ২৬ মাঘ ১৪২৮

০৯ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় অধিকসংখ্যক অংশগ্রহণকারীর নিবন্ধন নিশ্চিতকরণ ও দেশব্যাপী বহল প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৫ জানুয়ারি ২০২২ খ্রি., মঙ্গলবার সকাল ১১:০০টায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত মন্ত্রিসভা কমিটির উদ্যোগে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় সুবর্ণজয়ন্তী ওয়েবসাইট ও সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতার শুব উদ্বোধন করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি-এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ.ক.ম. মোজাম্মেল হক এমপি।

২। সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজনের মূল উদ্দেশ্য হচ্ছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শ, বাংলাদেশের স্বাধীনতা, মুক্তিযুদ্ধ, রূপকল্প ২০৪১, স্বাধীনতার শতবর্ষ ২০৭১, ডেল্টা প্ল্যান ২১০০, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, বাংলাদেশের অর্জন, সকল ই-সেবা ইত্যাদি সম্পর্কে তরুণ প্রজন্মকে সচেতন করে তোলা এবং বাংলাদেশের ইতিহাস ঐতিহ্য জানানোর মধ্য দিয়ে আগামীর উন্নত বাংলাদেশ বিনির্মাণে তরুণ প্রজন্মকে যথাযথভাবে গড়ে তোলা।

৩। চলমান সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধন বিষয়ে দেশব্যাপী সকলকে জানানোর নিমিত্ত নানা ধরনের প্রচার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রচার কার্যক্রম বাস্তবায়নে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসনের ফেসবুক পেইজ, ইউটিউব চ্যানেল ও অন্যান্য প্ল্যাটফর্মে প্রচার অত্যাবশ্যক। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য নিম্নে উল্লিখিত গুগল ড্রাইভ লিংকে কল ফর অ্যাকশন ভিডিও আপলোড করা হয়েছে।

গুগল ড্রাইভ লিংক: <https://drive.google.com/drive/folders/1xRgldaZsgwAm3bQ5vfTEl7J9exoFpwc?usp=sharing>

৪। এমতাবস্থায়, সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধন বিষয়ে দেশব্যাপী এর বহল প্রচার নিশ্চিত করতে গুগল ড্রাইভে সংযুক্ত অডিও-ভিজুয়াল ও অন্যান্য কনটেন্ট প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।

নং ৫২৩৩	তারিখ
জরুরী	অতিরিক্তরী উপস্থাপন করুন
ডিডিএলজি	
অতিঃ জেঃ প্রঃ (সঃ)	
অতিঃ জেঃ প্রঃ (বালঃ)	
অতিঃ জেঃ প্রঃ (শিঃ ও সঃ)	
অতিঃ জেঃ প্রঃ (উঃ ও মাঃ)	
অতিঃ জেলা ম্যাজিস্ট্র	
সহঃ কমিশনার গোপনীয়	
গোপনীয় সহকারী	

৯-২-২০২২

রোজিনা আক্তার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-৪১০২৪০৪০

ইমেইল: rozina.akther@ictd.gov.bd

বিতরণ :

- ১) জেলা প্রশাসক (সকল)।
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

তারিখ: ২৬ মাঘ ১৪২৮

০৯ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।



৯-২-২০২২

রোজিনা আক্তার

সিনিয়র সহকারী সচিব